

সুষ্ঠু তদন্তের দাবিতে আন্দোলনে শিক্ষার্থীরা

ইবি প্রতিনিধি



ছবি : কালের কঞ্চ

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) শিক্ষার্থী সাজিদের মৃত্যুর ঘটনার

প্রকৃত রহস্য উদঘাটনে মুখে কালো কাপড় বেঁধে আন্দোলন

করেছেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষার্থীরা। মঙ্গলবার (২২ জুলাই)

সকাল ১১টার দিকে ৩ দফা দাবিতে প্রশাসন ভবন চতুরে অবস্থান

কর্মসূচি পালন করেন তারা।

শিক্ষার্থীদের দাবিগুলো হলো নিহত সাজিদের পরিবারকে

ক্ষতিপূরণ দেওয়া, দ্রুত সময়ের মধ্যে সুষ্ঠু তদন্ত সমাপ্ত ও দায়িত্ব

অবহেলায় প্রশাসনের ক্ষমা চেয়ে স্পষ্ট বিবৃতি।

শৰ্ডুন



হলের পুকুরে ভাসছিল ইবি শিক্ষার্থীর লাশ

আন্দোলনকারী শিক্ষার্থীরা বলেন, বিশ্ববিদ্যালয়ে আমার এক
ভাইকে হত্যা করা হয়েছে।

প্রশাসনকে বারবার বলা হলেও তারা আমাদের কথা শুনছে না। এ
ছাড়া তারা আমাদের স্পষ্ট করুক, সাজিদের মৃত্যুর তদন্তের
অগ্রগতি কর্তৃকু।

শিক্ষার্থী সাজিদের লাশ উদ্ধারের বিষয়ে প্রষ্টর অধ্যাপক ড.
শাহীনুজ্জামান বলেন, ‘ওই ঘটনায় তদন্তের কাজ চলমান রয়েছে।
আশা করি, খুব দ্রুত সময়ের মধ্যে এ ঘটনার প্রকৃত কারণ জানা
যাবে।